প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয়**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন মেয়াদের %)**
মূল (প্রঃ সাঃ)	**সংশোধিত (প্রঃ সাঃ)**	**(প্রঃ সাঃ)**	**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬৩০৬.৪১ (০০.০০)	৭২২০.৯৬ (০০.০০)	৬৮৯৬.৩১ (০০.০০)	০১-১০-২০১৪ থেকে ৩১-১২-২০১৭	০১-১০-২০১৪ থেকে ৩০-০৬-২০১৯	০১-১০-২০১৪ থেকে ৩০-০৬-২০১৯	৯.৪%	৪৬.১৫%

৫.২ অর্থায়নের উৎস: সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

৫.৩ বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়

(লক্ষ টাকায়)

অর্থ বছর	**আরডিপিপি'র সংস্থান**	**আরএডিপি বরাদ্দ**	**অর্থ ছাড় (%)**	**প্রকৃত ব্যয় (%)**	**সমর্পণকৃত অর্থের পরিমাণ**
২০১৪-১৫	৭.০০	৭.০০	৭.০০	২.৮৫	৪.১৫
২০১৫-১৬	১০০০.০০	৭০০.০০	৭০০.০০	৬৬৯.৩২	৩০.৬৮
২০১৬-১৭	২০৮৪.০০	২০৮৪.০০	১০৩৮.৭৩	১০১৪.৪০	২৪.৩৩
২০১৭-১৮	৩৫৫০.০০	২০২৩.০০	২০২১.৪১	২০১৫.৬০	৫.৮১
২০১৮-১৯	২৫৯৬.০০	৩৫১৮.০০	৩৫১৮.০০	৩১৯৪.১৩	৩২৩.৮৭
সর্বমোট	৯২৩৭.০০	৮৩৩২.০০	৭২৮৫.১৪	৬৮৯৬.৩১	৩৮৮.৮৪

উপরের সারণীতে বর্ণিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিবছরই কম/বেশী ছাড়কৃত অর্থ সর্মপণ করা হয়েছে। বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) অনুযায়ী যে পরিমাণ অর্থ প্রয়োজন হয়, সমপরিমাণ অর্থই ছাড় করা বাঞ্চনীয়।

৫.৪ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন

প্রাপ্ত পিসিআর অনুযায়ী অঙ্গভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

(লক্ষ টাকায়)

নং	কোড নং	অঙ্গের নাম	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি	
			সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব(%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
(ক) মূলধন ব্যয়							
০১.	৩১১১১০১	বেতন	৭২ জনমাস	২৯.০০	১০০%	২৮.১৩	১০০%
০২.	৩১১১৩০৪	মহার্ঘ ভাতা	থোক	০.৪০	১০০%	০.৪১	১০০%
০৩.	৩১১১৩১০	বাড়ি ভাড়া	থোক	১৩.০০	১০০%	১২.৮২	১০০%
০৪.	৩১১১৩২৮	শ্রান্তি ভাতা	থোক	০.৬১	১০০%	০.৬৮	১০০%
০৫.	৩১১১৩২৫	উৎসব ভাতা	থোক	৫.৮০	১০০%	৪.৮০	১০০%
০৬.	৩১১১৩৩৫	নববর্ষ ভাতা	থোক	০.৪০	১০০%	০.৩৬	১০০%
০৭.	৩১১১৩১১	চিকিৎসা ভাতা	থোক	০.৬৫	১০০%	০.৬৩	১০০%
০৮.	৩১১১৩০৬	শিক্ষাভাতা	থোক	০.৪৫	১০০%	০.৩৮৬	১০০%
০৯.	৩১১১৩৩৮	অন্যান্য ভাতা	থোক	১.০০	১০০%	০.৬৬	১০০%
১০.	৩২৪১১০১	ভ্রমন ব্যয়	থোক	১.৫০	১০০%	০.১৩	১০০%
১১.	৩২১১১২৯	অফিস ভাড়া	থোক	০.০০	১০০%	-	১০০%
১২.	৩২৫৫১০৫	ষ্টেশনারি	থোক	৪.০০	১০০%	৩.৬৫	১০০%
১৩.	৩২৫৭২০৬	সম্মানি ভাতা	থোক	১২.৫৬	১০০%	২.৯৫	১০০%
১৪.	৩২১১১০৬	আপ্যায়ন ভাতা	থোক	৪.০০	১০০%	০.৫৯	১০০%
১৫.	৩২১১১২৫	এডভার্টাইজ	থোক	৫.০০	১০০%	-	১০০%
১৬.	৩২১১১১৭	ইন্টারনেট	থোক	১.৫০	১০০%	০.১৯	১০০%
১৭.	৩২১১১২০	টেলিফোন	থোক	১.৫০	১০০%	-	১০০%
১৮.	৩৯১১১১২	অন্যান্য ব্যয়	থোক	৩.৬৩	১০০%	৩.৬৩	১০০%
		(ক) উপমোট রাজস্ব					
(খ) মূলধন ব্যয়							
১৯.	৪১১২৩১০	যন্ত্রপাতি	থোক	৪.৮৮	১০০%	৪.৮৭	১০০%
২০.	৪১১২৩১৪	আসবাবপত্র	থোক	৩.০৭	১০০%	৩.০৬	১০০%
২১.	৪১১১২০১	ভবন নির্মাণ	২৫ তলা ভবন	৭১২৮.০১	১০০%	৬৮২৮.২৯	১০০%
		(খ) উপ-মোট মূলধন		৭১৩৫.৯৬	১০০%	৬৮৩৬.২৩	১০০%
		(ক+খ) সর্বমোট		৭২২০.৯৬	১০০%	৬৮৯৬.৩১	১০০%

সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস।

০৬.০ মূল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:-

(ক) প্রকল্পের আরডিপিপি, বিভিন্ন প্রতিবেদন, বিভিন্ন প্রকার সভার কার্যবিবরণী ইত্যাদি পর্যালোচনা;

(খ) প্রাপ্ত PCR পর্যালোচনা;

(গ) সরজমিনে পরিদর্শন ও তথ্য সংগ্রহ;

(ঘ) সংগৃহীত তথ্যের উপর শ্রম ভবন ব্যবহারকারী উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা/মতবিনিময়।

০৭.০ সমাপ্ত প্রকল্প পরিদর্শনঃ

গত ২৬-০৯-২০২১ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আলোচ্য সমাপ্ত প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, নির্মাণ কাজে নিয়োজিত গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। এ সময় প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ PCR এ বর্ণিত তথ্য উপাত্তের উপর আলোচনা হয়।

০৮.০ প্রকল্পের পটভূমি:

শ্রম পরিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ২টি সরকারি সংস্থা। এ ২টি সংস্থা শ্রমিকদের কাজের পরিবেশ, স্বাস্থ্য, পরিচ্ছন্নতা, পেশাগত নিরাপত্তা এবং ক্ষতিপূরণ আদায়ের বিষয়ে কাজ করে। এই প্রতিষ্ঠানগুলো কারখানায় শান্তি সম্প্রীতি বজায় রাখার মাধ্যমে উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।

শ্রম পরিদপ্তরের (৪নং রাজউক এভিনিউ, ঢাকা) ৭.৫ শতাংশ জমির উপর 'শ্রম ভবন' নামের ১টি ৯তলা ভবন রয়েছে। এই ভবনে শ্রম পরিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর এর প্রধান কার্যালয় অবস্থিত। এছাড়াও এখানে ৩টি লেবার কোর্ট রয়েছে। এই ভবনটি ষাটের দশকে তৈরী করা হয়েছিল। এই ভবনের ভেতর সূর্যের আলো এবং বাতাস প্রবেশ করতে না পারার কারণে এটি সবসময় ভেজা, স্যাঁতসেতে এবং অস্বাস্থ্যকর থাকে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর এর ঢাকা বিভাগীয় অফিস ভাড়া বাড়ীতে অবস্থিত। তাছাড়া কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর অধিদপ্তরে উন্নীত হওয়ায় এর জনবল ৩গুন বৃদ্ধি পেয়েছিল। এ বর্ধিত জনবলের অফিস করার সুযোগ প্রদানের নিমিত্ত নতুন অফিস ভবন নির্মাণ করা প্রয়োজন হয়ে পড়ে।

শ্রম পরিদপ্তরের ঢাকা বিভাগীয় শ্রম দপ্তরের জন্য বিজয়নগর, ঢাকায় ২০ শতাংশের তিনদিক দিয়ে রাস্তা পরিবেষ্টিত একটি প্লট রয়েছে। এই ভবনটিও ষাটের দশকে তৈরী এবং জরাজীর্ণ ও পুরাতন হওয়ায় ব্যবহারের প্রায় অনুপযোগী হয়ে পড়ে। সার্বিকপ্রেক্ষাপটে বর্ণিত ৫টি অফিসের জনবল সংকুলানের উদ্দেশ্যেই আলোচ্য 'শ্রম ভবন' প্রকল্পটি গ্রহন করা হয়েছে।

০৯.০ প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:

আলোচ্য 'শ্রম ভবন' নির্মাণ প্রকল্পটি সম্পুর্ণ জিওবি অর্থায়নে ৬৩০৬.৪১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ২০-০১-২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ৭২২০.৯৬ টাকায় জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ডিপিপি সংশোধন করা হয়। ফলে প্রকল্পের ক্রমপুঞ্জিভূত কস্ট ওভার রান ৯.৩৫% এবং টাইম ওভার রান ৪৬.১৫% (১৮ মাস) পর্যন্ত বৃদ্ধি পায়।

১০.০ প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ ইউনিট, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং ঢাকা জেলা অফিসের জন্য উপযুক্ত স্বাস্থ্যকর কর্মপরিবেশ সৃষ্টি করা;
- সরকারি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা; এবং
- সেবা গ্রহিতা বিশেষ করে শ্রমিক কর্মচারি এবং শিল্প প্রতিষ্ঠানের মালিকদের উন্নততর সেবা প্রদান।

১১.০ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

ক্রংনং	কাজের নাম	পরিমান	অর্জন
১.	একটি ২৫ তলা ভবন নির্মাণ	১২৭৪২৫ বর্গ ফুট	১২৭৪২৫ ব.ফুট
২.	লিফট সংগ্রহ	৬টি	৬টি
৩.	বৈদ্যুতিক সাবষ্টেশন স্থাপন	১টি	১টি
৪.	জেনারেটর স্থাপন	১টি	১টি
৫.	আসবাবপত্র সংগ্রহ	৩৫৮টি	৩৫৮টি

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম,পদবি ও মূল দপ্তর	**দায়িত্বকাল**	পূর্ণকালীন/ খন্ডকালীন	**দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)**	**একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা**	
				হ্যাঁ/না	**প্রকল্প সংখ্যা**
জনাব মোঃ মোশাররফ হোসেন, উপসচিব জনপ্রশাসন মন্ত্রণালয়	১৫-০৫-২০১৫ হতে ৩০-০৬-২০১৯ পর্যন্ত	পূর্ণকালীন	নিয়মিত	না	প্রযোজ্য নয়

১৩.০ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্রাদি পর্যালোচনা করা হয়।ডিপিপি/আরডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ১২টি। ক্রয় সংক্রান্ত উল্লেখযোগ্য ৩(তিন)টি প্যাকেজের তথ্যাদি সংযুক্তি 'ক'-তে বর্ণিত।

১৪.০ **পণ্য ও কার্য ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ:** প্রকল্পের আওতায় মূলত: পূর্ত কাজের মধ্যে ছিল ভবন নির্মাণ, যা গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক সম্পন্ন হয়েছে এবং সরঞ্জামাদির মধ্যে ছিল লিফট/কার লিফট সংগ্রহ। বিভিন্ন ডকুমেন্টস পর্যালোচনায় প্রতীয়মান হয় এগুলো বিদ্যমান বিধি-বিধানের আলোকে সংগ্রহ করা হয়েছে।

১৫.০ **গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):** সরেজমিনে পরিদর্শনকালে টেস্ট রিপোর্ট পরীক্ষান্তে দেখা যায় যে, প্রকল্পের আওতায় পূর্ত কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী (রড,বালু, সিমেন্ট ইত্যাদি) ল্যাবরেটরী কর্তৃক পরীক্ষা করে ব্যবহার করা হয়েছে।

১৬.০ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদে ১৮-১০-২০১৬ এবং ০৯-০৬-২০১৭ তারিখে এ বিভাগ থেকে দুইজন সহকারী পরিচালক পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন করা হয়েছে।

১৭.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের আরডিপিপি'তে কোন জনবলের সংস্থান ছিল না। গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। একজন পরিচালক (উপসচিব) প্রকল্প পরিচালক, ০২জন সার্ভে অফিসার, ০৪ জন এমএলএসএস দায়িত্ব পালন করেন। এ কারনে প্রকল্পে কোন জনবল নিয়োগ দেয়া হয়নি।

১৮.০ যানবাহন:

এ প্রকল্পে কোন যানবাহন ক্রয়ের বা ভাড়ায় ব্যবহারের সংস্থান ছিল না।

১৯.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়।

২০.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ ইউনিট, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং ঢাকা জেলা অফিসের জন্য উপযুক্ত স্বাস্থ্যকর কর্মপরিবেশ সৃষ্টি করা;	(ক) বাস্তবায়নকারী মন্ত্রণালয় থেকে পিসিআর-এ বলা হয়েছে যে, "শ্রম ভবন"-এ শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ ইউনিট, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং ঢাকা জেলা অফিসের জন্য উপযুক্ত স্বাস্থ্যকর কর্মপরিবেশে সংশ্লিষ্টদের সেবা প্রদান করা হচ্ছে।	(ক) পরিদর্শনকালে দেখা যায় যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শকের অফিস কক্ষ নির্ধারিত ফ্লোর থেকে স্থানান্তর করা হয়েছে। যা, প্রাধিকারের চেয়ে অনেক ছোট মনে হয়েছে। তাছাড়া 'শ্রম ভবন' এ অবস্থানরত বিভিন্ন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের স্থান সংকুলান না হওয়ায় বিভিন্ন কক্ষ পুনর্বিন্যাস করা হয়েছে। ফলে এ ভবন ব্যবহারের উপযুক্ত ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ ব্যবহৃত হয়েছে। তাছাড়া কক্ষ পুনর্বিন্যাসের ফলে অভ্যন্তরীণ বৈদ্যুতিক সংযোগের পরিবর্তন করতে হয়েছে।
(খ) সরকারি সম্পদের সর্বোৎকৃষ্ট ব্যবহার নিশ্চিত করা; এবং	(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর ভাড়া বাড়িতে থেকে নবনির্মিত ভবনে স্থানান্তর হওয়ায় অফিস ভাড়াসহ বিভিন্ন সভা, প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ইত্যাদি আয়োজনে ভেন্যু চার্জ বাবদ ভাড়া সাশ্রয় হয়ে সরকারের সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হয়েছে।	(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর ভাড়া বাড়িতে থেকে নবনির্মিত ভবনে স্থানান্তর হওয়ায় অফিস ভাড়াসহ আনুষংঙ্গিক ব্যয় সাশ্রয় হচ্ছে।
(গ) সেবা গ্রহীতা বিশেষ করে শ্রমিক কর্মচারি এবং শিল্প প্রতিষ্ঠানের মালিকদের উন্নততর সেবা প্রদান।	(গ) 'শ্রম ভবন' নির্মাণ করার ফলে একই কম্পাউন্ড থেকে কার্যকরভাবে এবং দক্ষতার সাথে সেবা গ্রহিতা বিশেষ করে শ্রমিক কর্মচারি এবং শিল্প প্রতিষ্ঠানের মালিকদের উন্নততর সেবা প্রদান সহজতর ও নিশ্চিত হয়েছে।	(গ) একই ভবন থেকে স্টেকহোলডারগণ তাদের কাঙ্খিত সেবা পাওয়া সহজতর হয়েছে। তবে এ ভবনে অবস্থিত ৫টি অফিসের (শ্রম মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন অধিদপ্তর/ঢাকা বিভাগীয় অফিস) যে কোন একটি অফিসের সেবা গ্রহিতাদের পদচারণে অন্য অফিসের কাজের পরিবেশের কিছুটা বিঘ্ন ঘটছে।

২১.০ **অডিট সংক্রান্ত তথ্য:**

অডিটের সন	আপত্তির শিরোনাম ও টাকার পরিমান	মন্তব্য
২০১৭-১৮	কোন অডিট আপত্তি নেই	-
২০১৮-১৯ (১৩/০৬/২০১৯ তারিখের অডিট রিপোর্ট)	১। বীমা প্রিমিয়ামের উপর এবং লাইসেন্স নবায়ন ফি হতে ১৫% ভ্যাট আদায় না হওয়ায় সরকারের রাজস্ব ক্ষতি ১,৩৬,৫০৭.৯৩ টাকা।	প্রমানকসহ ০৭/০৮/২০১৯খ্রি. তারিখে ব্রডশিটে নিষ্পন্নমূলক জবাব প্রদান করা হয়েছে। অদ্যাবধি অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তিসমূহ নিস্পত্তি হয়নি।
	২। ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে বিলম্বিত কার্যসম্পাদনের জন্য জরিমানা বাবদ আদায়যোগ্য ৭৬,৭৪,৫০০.০০ টাকা।	
	৩। আরডিপিপি অনুমোদন ব্যতিত অনিয়মিত খরচ ৯,১৪,৫৫,০০০.০০ টাকা।	
	৪। বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত মূল্যে লিফট ক্রয় করার অনিয়মিত পরিশোধ ৩,৭৬,৪৫,০০০.০০ টাকা।	

২২. সার্বিক পর্যবেক্ষণ:

(ক) পরিদর্শনকালে দেখা যায় যে, কার লিফট-এ স্টিল শীটের উপরের প্লাস্টিক আবরণ উঠে গেছে, স্টিল শীটে মরিচা পড়ছে। এ লিফটি অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী সংগ্রহ করা হয়েছে কিনা মন্ত্রণালয় থেকে একটি কারিগরি কমিটি গঠন করত: বিষয়টি যাচাই করে দেখা যেতে পারে;

(খ) প্রকল্প বাস্তবায়ন মেয়াদে ৩৮৮.৮৪ লক্ষ টাকা সর্মপণ করা হয়েছে। সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য প্রকল্পের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) অনুযায়ী যে পরিমাণ টাকা ব্যয় করার প্রয়োজন হবে, সেই পরিমাণ টাকাই ছাড় করা বাঞ্চণীয়;

(গ) পিসিআর-এ জানানো হয়েছে যে, প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী "শ্রম ভবন"-এ সংশ্লিষ্ট ৩টি কার্যালয় থেকে স্বাস্থ্যকর কর্মপরিবেশে জনসেবা প্রদান করা হচ্ছে। পরিদর্শনকালে দেখা যায় যে, এ ভবনে বিদ্যমান কার্যালয়সমূহে প্রতিদিনই বিভিন্ন শিল্প কারখানার মালিক-শ্রমিকদের আসতে হয়। ফলে ভবনের কর্ম পরিবেশে কিছুটা বিঘ্ন ঘটছে;

(ঘ) প্রকল্পটির অনুকূলে অডিট অধিদপ্তর কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে। বিগত ০৭/০৮/২০১৯খ্রি. তারিখে ব্রডশিটে জবাব প্রদান করা হলেও অদ্যাবধি অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তিসমূহ নিস্পত্তি হয়নি।

(ঙ) প্রকল্পটি জনু ২০১৯ এ সমাপ্ত হয়েছে। কিন্তু অসম্পূর্ণ পিসিআর প্রেরণ করা হয়েছে নভেম্বর ২০২০ তারিখে। পরবর্তীতে একাধিকবার তাগিদ ও অনানুষ্ঠানিক আলোচনা পর পিসিআর ২২ মে ২০২২ তারিখে এ বিভাগে পাওয়া যায়।

২৩. সুপারিশ/মতামত:

(ক) কার লিফটি অনুমোদিত স্পেফিকেশন অনুযায়ী সংগ্রহ করা হয়েছে কিনা, সে বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে একটি কারিগরি কমিটির মাধ্যমে যাচাই করে প্রতিবেদন ১(এক) মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে;

(খ) প্রকল্পের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) অনুযায়ী যে পরিমাণ টাকা ব্যয় করার প্রয়োজন হবে, সমপরিমাণ টাকাই ছাড় করা বাঞ্চণীয়। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নে এ বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ঘ) উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিস্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অডিট নিস্পত্তি সংক্রান্ত তথ্য আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;এবং

(ঙ) প্রকল্পটি জুন ২০১৯ এ সমাপ্ত পিসিআর প্রেরণ করা হয় ২২ মে ২০২২ তারিখে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে স্বয়ংসম্পূর্ণ পিসিআর আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২৪. বর্ণিত সুপারিশ ও পর্যবেক্ষণের আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে ১(এক) মাসের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি-'ক'

পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:

	
চিত্র-১: প্রকল্পের আওতায় নির্মিত ২৫ তলা বিশিষ্ট ভবন।	চিত্র-২: ভবনে স্থাপিত কার লিফট-এ স্টিল শীটের উপরের প্লাস্টিক আবারণ উঠে গেছে ও স্টিল শীটে মরিচা পড়ছে।
	
চিত্র-৩: পরিদর্শণকালে ভবনের ড্রইয়িং ও ডিজাইন পরীক্ষা করা হয়।	চিত্র-৪: ভবনের আন্ডার গ্রাউন্ডসহ বিভিন্ন ফ্লোর পরিমাপ করা হয়।

উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	২	৩	৪	৫	৬
১। শ্রম ভবন নির্মাণ (পূর্ত কাজ)	২১-০৫-২০১৫ মূল্য: ৫২৪১.৩৭	৩১-১২-২০১৫ মূল্য: ৫২২০.৩৬	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৯	সাইট হস্তান্তরে বিলম্ব, PWD'র রেইট সিডিউল বৃদ্ধির কারনে ডিপিপি সংশোধন ইত্যাদি
২। শ্রম ভবন নির্মাণ (বৈদ্যুতিক কাজ)	২৬-১২-২০১৭ মূল্য: ১১৪৭.০০	২৮-০২-২০১৮ মূল্য:৮৮৭.১৯	২৭-০২-২০১৯	৩০-০৬-২০১৯	
৩। লিফট (সরবরাহ, ইলেস্ট্রেশন, টেস্টিং এবং কমিশনিং)	২৫-০১-২০১৮ মূল্য: ৪০০.০০	২০-০৩-২০১৮ মূল্য: ৭৬৭.৪৫	০১-০৩-২০১৯	৩০-০৬-২০১৯	

সেটিং স্ট্যান্ডার্ড ফর লাইফ স্কিলস ট্রেনিং-শীর্ষক কারিগরি সহায়তা শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্তঃ জুন ২০১৯)

১.০ প্রকল্পের নাম : সেটিং স্ট্যান্ডার্ড ফর লাইফ স্কিলস ট্রেনিং-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২.০ প্রকল্পের ধরন : কারিগরি সহায়তা

৩.০ অর্থায়নের উৎস : ইউরোপিয়ান ইউনিয়ন

৪.০ উন্নয়ন সহযোগী : ইউএনএফপিএ

৫.০ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৬.০ বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

৭.০ প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ

৮.০ প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়**)**

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত	-	মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ					
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৫.৬৫ ৯৫.৬৫ -	-	৭৫.৮৬ ৭৫.৮৬ -	মার্চ ২০১৮ হতে জুন ২০১৯	-	মার্চ ২০১৮ হতে জুন ২০১৯	-	-

৯.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্র:নং	টিএপিপি অনুযায়ী কার্যক্রম	টিএপিপি অনুযায়ী		প্রকৃত অর্জন		বিচ্যুতির কারণ
		আর্থিক	বাস্তব (পরিমাণ/সংখ্যা)	আর্থিক	বাস্তব (পরিমাণ/সংখ্যা)	
১	২	৩	৪	৫	৬	৭
০১.	ভ্রমণ	৬.৪৪	-	১.১৫	-	
০২.	প্রিন্টিং এন্ড বাইন্ডিং লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড	৩.৮৩	২৪০০	৩.৫২	২৪০০ (১০০%)	-
০৩.	প্রিন্টিং এন্ড বাইন্ডিং সিবিএলএম	৭.৯৭	১০০০	৪.৯৮	৪০০ (৪০%)	-
০৪.	প্রশিক্ষণ ব্যয়	১২.২৪	৬০	১০.২৩	৬০ (১০০%)	-
০৫.	সেমিনার, কনফারেন্স ব্যয়	১৩.৪৩	৮	১৩.১৩	৮ (১০০%)	-
০৬.	কনসালটেন্স/কনসালটেন্সি ফার্ম	৩৯.৮৬	২	৩৬.৩৭	২ (১০০%)	
০৭.	কমিটি মিটিং	২.৩৯	৬	১.৬২	৫	

ক্র:নং	টিএপিপি অনুযায়ী কার্যক্রম	টিএপিপি অনুযায়ী		প্রকৃত অর্জন		বিচ্যুতির কারণ
		আর্থিক	বাস্তব (পরিমাণ/সংখ্যা)	আর্থিক	বাস্তব (পরিমাণ/সংখ্যা)	
১	২	৩	৪	৫	৬	৭
					(৮৩%)	
০৮.	অন্যান্য ব্যয়	৬.৩৮		১.৮৪	-	
০৯.	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	৩.১১	৩	৩.০২	৩ (১০০%)	
	সর্বমোট	**৯৫.৬৫**		**৭৫.৮৬**	**৭৯.৩১%**	**-**

১০. প্রকল্পের বাস্তবায়ন:

আলোচ্য প্রকল্পের TAPP এবং প্রাপ্ত PCR হতে দেখা যায় যে, বিগত ১৫-১০-২০১৭ তারিখে মাননীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী কর্তৃক এ কারিগরী সহায়তা প্রকল্পটি শতভাগ ইউএনএফপিএ আর্থিক অনুদানে অক্টোবর ২০১৭ থেকে জুন ২০১৯ মেয়াদে সর্বমোট ৯৫.৬৫ লক্ষ টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় অধুনা বিলুপ্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি), সচিবালয়। পরবর্তীতে এনএসডিসি সংস্থাটি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-তে রুপান্তর করে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে ন্যস্ত হয়।

১১.০ প্রকল্পের উদ্দেশ্য:

প্রকল্পটির সার্বিক উদ্দেশ্য হলো- কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচীতে জীবন দক্ষতা অন্তর্ভুক্তির ব্যবস্থা করা।

১২.০ প্রকল্পের মূল কার্যক্রম:

- জীবন দক্ষতার উপর পেশাগত দক্ষতার মান (Standard), দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ (CBLM) ও ম্যানুয়াল তৈরির জন্য মত বিনিময়ের লক্ষ্যে অংশীজনদের নিয়ে কর্মশালার আয়োজন করা;
- জীবন দক্ষতার উপর পেশাগত দক্ষতার মান (Standard), দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ (CBLM) ও ম্যানুয়াল তৈরির জন্য আন্তর্জাতিক ও দেশীয় পরামর্শক নিয়োগ করা;
- জীবন দক্ষতার উপর প্রণীত Standard, CBLM ম্যানুয়াল-এর উপর মতামত গ্রহণের জন্য বিভাগীয় ও জাতীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা;
- CBLM ও ম্যানুয়াল অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে কর্মশালার আয়োজন করা;
- CBLM ও ম্যানুয়াল বাস্তবায়ন কৌশল এবং গাইড লাইন প্রণয়নের লক্ষ্যে অংশীজনদের নিয়ে মতবিনিময় কর্মশালার আয়োজন করা;
- জীবন দক্ষতার উপর প্রণীত দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ (CBLM) ও ম্যানুয়াল মুদ্রণ করা; এবং
- CBLM ও ম্যানুয়াল বিষয়ে মাস্টার ট্রেইনারগণকে প্রশিক্ষণ প্রদান করা।

১৩.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	পদবি ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব মো:	পরিচালক (দক্ষতামান) জাতীয় দক্ষতা উন্নয়ন	১২ নভেম্বর ২০১৭ থেকে	অতিরিক্ত	না	-

কামরুজ্জামান	কর্তৃপক্ষ	৩০ জুন ২০১৯			

১৪.০ মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরন করা হয়েছেঃ

(ক) প্রকল্পটির টিএপিপি, বিভিন্ন সভার কার্যবিবরণী/প্রতিবেদন ইত্যাদি দলিল পর্যালোচনা;
(খ) প্রাপ্ত PCR পর্যালোচনা;
(গ) বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের নিমিত্ত সরজমিনে পরিদর্শন; এবং
(ঘ) সংগ্রহীত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা/মতবিনিময়।

১৫.০ প্রকল্পের জনবলঃ

প্রকল্পটির টিএপিপি, প্রশাসনিক আদেশ, পিসিআর ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্মকর্তা এবং কর্মচারীগণ অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পটি বাস্তবায়নে নিয়োজিত ছিলেন। এনএসডিএ একজন পরিচালক এ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োজিত ছিলেন।

১৬.০ অর্থবছর ভিত্তিক টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থবছর	টিএপিপি'র সংস্থান	বরাদ্দ	অর্থ ছাড় (%)	প্রকৃত ব্যয় (%)
১	২	৩	৪	৫
২০১৭-১৮	৬৮.২০	৩৫.৩০	৩৪.০৮	৩৪.০৮
২০১৮-১৯	২৭.৪৫	৪৯.৮২	৪১.৭৮	৪১.৭৮
সর্বমোট	৯৫.৬৫	৮৫.১২	৭৫.৮৬ ৭৯.৩১%	৭৫.৮৬ ৭৯.৩১%

১৭.০ সমাপ্ত প্রকল্প পরিদর্শনঃ

গত ১৯-০৮-২০২১ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আলোচ্য সমাপ্ত প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ PCR এর উপর আলোচনা হয়। প্রকল্পের আওতায় সম্পাদিত অঙ্গভিত্তিক পর্যবেক্ষণ নিম্নে তুলে ধরা হলোঃ

১৭.১ লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড এবং সিবিএলএম প্রণয়ন:

(ক) টিএপিপি'তে জীবন দক্ষতার উপর পেশাগত দক্ষতার মান (Standard) ম্যানুয়াল প্রণয়নের জন্য ৩.৮৩ লক্ষ টাকার সংস্থান ছিল। এ কাজের জন্য ৩.৫২ লক্ষ টাকায় (বাংলা ও ইংরেজি) মোট ২৪০০ কপি প্রণয়ন (প্রিন্টিং এন্ড বাইন্ডিং) করা হয়েছে। একইভাবে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ (CBLM) ৪০০০ (চার হাজার) কপি প্রণয়নের জন্য ৭.৭৯ লক্ষ টাকার সংস্থান ছিল। এ কাজের জন্য ৪.৯৮ লক্ষ টাকায় ৪টি লেভেলে (বাংলা ও ইংরেজি) (১০০০×৪)= ৪০০০ কপি প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। এসকল ম্যানুয়াল (লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড-২,৪০০+ সিবিএলএম-৪,০০০=৬,৪০০) বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, সংস্থা, পলিটেকনিক ইন্সটিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে ৩,০০০ কপি বিতরণ করা হয়েছে এবং ৩,৪০০ কপি বিতরণের অপেক্ষমান রয়েছে।

(খ) অনুমোদিত টিএপিপি অনুযায়ী প্রিন্টিং এর কাজ OTM পদ্ধতিতে সংগ্রহের উল্লেখ রয়েছে। সরজমিনে নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, এটি RFQ পদ্ধতি'তে সংগ্রহ করা হয়েছে। এ বিষয়ে এনএসডিএ এর সংস্থা প্রধান কর্তৃক অনুমোদনক্রমে RFQ পদ্ধতি'তে সংগ্রহ করা হয়েছে। প্রকল্পটি ৩০ জুন ২০১৯ এ সমাপ্ত হয়েছে এবং বর্তমানে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত চলমান। এখনো প্রকল্পের আওতায় প্রণয়নকৃত ম্যানুয়াল বিতরণ সমাপ্ত না হওয়ায় প্রকল্পের যথাযথ সুফল পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হতে পারে মর্মে প্রতীয়মান হয়। জরুরিভিত্তিতে এসকল ম্যানুয়াল বিতরণ করা প্রয়োজন।

১৭.২ প্রশিক্ষণঃ

টিএপিপি'তে ৩টি ব্যাচে ২০ জন করে মোট (৩×২০)=৬০ জন মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১২.২৫ লক্ষ টাকার সংস্থান ছিল। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক),শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি) এবং এনজিও থেকে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে ৩টি ব্যাচের পরিবর্তে ২টি ব্যাচে ৩০ জন করে মোট (২×৩০)=৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের ১ম ব্যাচটি ১৬ থেকে ২০ জুন ২০১৯ এবং ২য় ব্যাচটি ২৩-২৭ জুন ২০১৯ সময়ে বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।

১৭.৩ ওয়ার্কশপঃ

টিএপিপি'তে ওয়ার্কশপ আয়োজনের জন্য ১৩.৪৩ লক্ষ টাকার সংস্থান ছিল। এ খাতে ১৩.১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। উক্ত ১৩.১৩ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন বিষয়ে ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। আয়োজিত ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য নিম্নের সারণীতে বর্ণনা করা হল:

ওয়ার্কশপ	প্রকৃত অর্জন
জীবন দক্ষতার উপর পেশাগত দক্ষতার মান (Standard), দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ (CBLM) ম্যানুয়াল প্রণয়নের জন্য মত বিনিময়ের লক্ষ্যে অংশীজনদের নিয়ে কর্মশালার আয়োজন করা;	বিগত ২৪/০৬/২০১৮ তারিখে ঢাকায় ১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
জীবন দক্ষতার উপর প্রণীত Standard, CBLM ম্যানুয়াল এর উপর মতামতের জন্য বিভাগীয় ও জাতীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা;	ঢাকাসহ ৭টি বিভাগীয় শহরে ২৭/০৯/২০১৮ থেকে ০৯/১২/২০১৮ তারিখে ৭টি কর্মশালার আয়োজন।
CBLM ম্যানুয়াল অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে কর্মশালার আয়োজন করা;	ঢাকায় ১৩/০২/২০১৯ এবং ২৮/০২/২০১৯ তারিখে ০২টি কর্মশালার আয়োজন করা হয়েছে।
CBLM ম্যানুয়াল বাস্তবায়ন কৌশল এবং গাইড লাইন প্রণয়নের লক্ষ্যে অংশীজনদের নিয়ে মতবিনিময় কর্মশালার আয়োজন করা;	বিগত ২৯/০৮/২০১৮ তারিখে ঢাকায় ১টি কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।

১৭.৪ পরামর্শক সেবা (বৈদেশিক এবং স্থানীয়):

বৈদেশিক ও স্থানীয় পরামর্শক নিয়োগের জন্য ৩৯.৮৬ লক্ষ টাকার সংস্থান ছিল। এ খাতে ৩৬.৩৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের অর্থায়নকারী সংস্থা UNFPA এর সাথে ঋণ চুক্তি অনুযায়ী পরামর্শক নিয়োগ, পরামর্শকের জন্য নির্ধারিত কার্যক্রম, সম্মানী প্রদান ইত্যাদি উন্নয়ন সহযোগী UNFPA থেকে সম্পাদন করা হয়েছে। প্রকল্পে নিয়োজিত পরামর্শক স্ট্যান্ডার্ড ও সিবিএলএম প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করে তা মুদ্রণ ও বিতরণের জন্য প্রকল্প কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেছে। পরামর্শক খাতে মোট ৩৬.৩৭ লক্ষ টাকা ব্যয় হয়।

১৭.৫ কম্পিউটার সংগ্রহঃ

টিএপিপি'তে ৩টি কম্পিউটার সংগ্রহের জন্য ৩.১১ লক্ষ টাকার সংস্থান ছিল। এ খাতে ৩টি কম্পিউটার ক্রয় বাবদ ৩.০২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। টিএপিপি অনুযায়ী UNFPA থেকে উক্ত কম্পিউটার সংগ্রহের উল্লেখ রয়েছে। সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, UNFPA থেকে ১টি কম্পিউটার প্রকল্প অফিসে হস্তান্তর করা হয়েছে। অপর ২টি কম্পিউটার

UNFPA এর আইটি শাখায় জমা দেয়া হয়েছে। এ ২টি কম্পিউটার প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)'তে হস্তান্তর করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩টি কম্পিউটার (এনএসডিএ) এর রাজস্ব খাতে হস্তান্তর করা প্রয়োজন।

১৭.৬ **অডিট সম্পর্কিত তথ্যাদিঃ**

প্রকল্পের অনুকূলে ব্যয়িত অর্থের কোন অডিট সম্পাদন করা হয়নি। তাছাড়া, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর থেকে আলোচ্য প্রকল্পের অনুকূলে ব্যয়িত অর্থের অডিট সম্পাদনের জন্য কোন পত্র প্রেরণ করা হয়নি।

১৭.৭ পিসিআর পর্যালোচনায় আরো দেখা যায় যে, পিসিআর Part-G 'তে প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা এনএসডিএ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তার মতামত/সুপারিশ প্রদান করা হয়নি। টিএপিপি'র লক্ষ্য/উদ্দেশ্য অনুযায়ী এ প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে কি-না তদ্বিষয়ে মতামত/সুপারিশ থাকা প্রয়োজন।

১৮. সুপারিশঃ

সেটিং স্ট্যান্ডার্ড ফর লাইফ স্কিলস ট্রেনিং-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

(ক) প্রকল্প থেকে (লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড-২৪০০+সিবিএলএম-৪০০০)=৬,৪০০ কপি ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। তম্মধ্যে ৩৪০০ কপি বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ প্রদানকারী সংস্থায় বিতরণ করা হয়েছে এবং ৩,০০০ কপি বিতরণ অবশিষ্ট রয়েছে। জরুরিভিত্তিতে অবশিষ্ট ম্যনুয়ালসমূহ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক;




(খ) প্রকল্পের আওতায় সংগৃহীত ৩টি কম্পিউটারের মধ্যে মাত্র ১টি কম্পিউটার এনএসডিএ-তে হস্তান্তর করা হয়েছে। অপর ২টি কম্পিউটার UNFPA এর আইটি শাখায় রয়েছে। উল্লিখিত ৩টি কম্পিউটারসহ প্রকল্পের আওতায় সংগৃহীত সকল অফিস সরঞ্জামাদি তালিকা করে প্রয়োজনে এনএসডিএ এর টিওএন্ডইভুক্ত করা যেতে পারে;

(গ) অদ্যাবধি প্রকল্পের আওতায় ব্যয়িত অর্থের অডিট সম্পাদন করা হয়নি। তাছাড়া, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের নিকট প্রকল্পের অনুকূলে ব্যয়িত অর্থের অডিট সম্পাদনের জন্য কোন পত্র প্রেরণ করা হয়নি। প্রকল্পের অর্থ ব্যয় সংক্রান্ত বিষয়ে সত্বর অডিট কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা নেয়া প্রয়োজন;

(ঘ) পিসিআর পর্যালোচনায় আরো দেখা যায় যে, পিসিআর এর Part-G'তে প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা এনএসডিসি এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তার মতামত/সুপারিশ প্রদান করা হয়নি। টিএপিপি'র লক্ষ্য/উদ্দেশ্য অনুযায়ী এ প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে কি-না তদ্বিষয়ে মতামত/সুপারিশ প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

১৯. বর্ণিত প্রতিবেদনের প্রদত্ত পর্যবেক্ষণ ও সুপারিশ সংশ্লিষ্ট অনুচ্ছেদ ১৭-১৮ এর আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে ১ (এক) মাসের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ

<table>
<tr><td></td><td>
</td></tr>
<tr><td>চিত্র-১: প্রকল্প পরিচালকের সাথে আলোচনা।</td><td>চিত্র-২: প্রকল্পের আওতায় মুদ্রণকৃত সিবিএলএম ম্যানুয়াল</td></tr>
<tr><td>
</td><td>
</td></tr>
<tr><td>চিত্র-৩: প্রকল্পের আওতায় মুদ্রণকৃত লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড এর কপি</td><td>চিত্র-৪: প্রকল্পের আওতায় মুদ্রণকৃত লাইফ স্কিলস স্ট্যান্ডার্ড এর ১-৪ এর কপি</td></tr>
</table>